



নির্মাণাধীন ভবনের কাজ চলছে

—ভোবের কাগজ

সরকারি বিদ্যালয়ের জমিতে অবৈধ ভবন নির্মাণ!

চট্টগ্রাম অফিস : আশপাশে কয়েকশ গজের মধ্যে একাধিক মসজিদ থাকা সত্ত্বেও সরকারি বিদ্যালয়ের জমি দখল করে সেখানে মসজিদের নামে অবৈধ ভবন নির্মাণের অভিযোগ উঠেছে প্রভাবশালী একটি মহলের বিরুদ্ধে। প্রশাসনের নীরবতার সুযোগে আনোয়ারার পশ্চিম বারখাইন প্রাথমিক বিদ্যালয়ের জমিতে মহলটি এই অপচেষ্টা চালাচ্ছে বলে বিদ্যালয় শ্রেণিতে এক সংবাদ বিজ্ঞপ্তিতে অভিযোগ করা হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, আনোয়ারা থানার ৬নং বারখাইন ইউনিয়নের ৪৪নং পশ্চিম বারখাইন সরকারি প্রাথমিক বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হয় ১৯২৯ সালে। স্থানীয় শিক্ষানুরাগী মরহুম হাজী আব্দুল করিম, মরহুম আব্দুল মজিদ, মরহুমা পেয়ার জান, লালজান, রহিমজান, সলিমজান, অলিজান তাদের পৈত্রিক সম্পত্তি থেকে ৩৫ শতক জায়গা এই স্কুলটির নামে লিখে দেন। পরবর্তীকালে সংলগ্ন এলাকায় ঝি বা শি উচ্চ বিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়।

এর মধ্যে প্রথম স্কুলটির জন্য দানকৃত জায়গাটি সরকারের অধিগ্রহণে থাকায় ৩৫ শতক জমির ওপর সম্পূর্ণ স্কুল ঘর ও খেলার মাঠ তৈরি করা হয়।

অভিযোগে আরো বলা হয়, সেই সরকারি সম্পত্তির ওপর এলাকার প্রভাবশালী আবুল বশর গং মসজিদের নামে অবৈধ ভবন নির্মাণ শুরু করে। স্কুল পরিচালনা পরিষদের সভাপতি স্থানীয় চিকিৎসক ডা. নাসির উদ্দিন চৌধুরী প্রতিবাদ করলে মহলটি দ্বিগুণ উৎসাহে কাজ চালিয়ে যায়। অগত্যা উপজেলা নির্বাহী অফিসারের বরাবরে কাজ বন্ধ করার জন্য স্কুলের প্রধান শিক্ষক ও সভাপতি আবেদন করেন। আবেদনের অনুলিপি জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রশাসক, সহকারী কমিশনার (ভূমি) ও ভারপ্রাপ্ত কর্মকর্তাকে দেওয়া হয়।

ভারপ্রাপ্ত কর্মকর্তা এ বিষয়ে কোনো পদক্ষেপ না নিলে বিষয়টি প্রাথমিক ও গণশিক্ষা বিভাগে জানানো হয়। সচিবালয়ের এক পরিপত্রে বলা হয়, সরকারি বিদ্যালয়ের সম্পত্তিসহ অধিগ্রহণকৃত অন্যান্য জমিও সরকারি সম্পত্তি। এই সম্পত্তি ভোগদখলের অধিকার আইনত কারো নেই।

বিজ্ঞপ্তিতে বলা হয়, গ্রামবাসী এর প্রতিবাদ জানালে রক্তক্ষয়ী সংঘর্ষ হতে পারে। স্থানীয় ব্যক্তিবর্গ একাজ বন্ধ করার পরামর্শ দিলে মহলটি তাদেরও আপমান করে এবং হুমকি দেয়। স্কুল কর্তৃপক্ষ অবিলম্বে এ ব্যাপারে পদক্ষেপ নিতে সরকারের দৃষ্টি কামনা করেন।